

জীবন বিজ্ঞান  
দশম শ্রেণি


ভাবমূল : জীবনের প্রবাহমানতা

উপ-ভাবমূল : জনন

বিষয় : অঙ্গজ জনন

1. উদ্ভিদের অঙ্গজ জনন পদ্ধতিতে কাটিং বলতে কী বোঝায়?

উঃ উদ্ভিদের কৃত্রিম অঙ্গজ জননের যে পদ্ধতিতে জনিত উদ্ভিদের শীর্ষমুকুল সমন্বিত কোনো শাখা মাতৃদেহ থেকে বিচ্ছিন্ন বা পৃথক করে ঐ অংশটি মাটিতে পুঁতে অপত্য উদ্ভিদ সৃষ্টি করা হয় তাকে কাটিং বা শাখাকলম পদ্ধতি বলে। উদাহরণ — জবা, আঙুর।



2. মাইক্রোপ্রোপাগেশন পদ্ধতি রেখাচিত্রের মাধ্যমে ব্যাখ্যা করো।

উঃ যে কৃত্রিম অঙ্গজ জনন পদ্ধতিতে পরীক্ষাগারে কোনো নির্বাচিত উদ্ভিদের অংশবিশেষ (কাণ্ড/মূল) বা Explant নিয়ে নির্দিষ্ট পুষ্টি দ্রবণে রেখে খুব অল্প সময়ে অসংখ্য অপত্য উদ্ভিদ সৃষ্টি করা হয় তাকে মাইক্রোপ্রোপাগেশন বলে।

